

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৭০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২১. যে দু'আ পড়ে সালাত আরম্ভ করতে হয়

باب مَا يُسْتَفْتَحُ بِهِ الصَّلَاةُ مِنَ الدُّعَاءِ

### আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِك، عَنْ نُعَيْمِ بْنِ عَبْدِ اللهِ الْمُجْمِرِ، عَنْ عَلِيّ بْنِ يَحْيَى الزُّرَقِيّ، عَنْ رَفَاعَةَ بْنِ رَافِعِ الزُّرَقِيِّ، قَالَ كُنَّا يَوْمًا نُصَلِّي وَرَاءَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم رَأْسَهُ مِنَ الرُّكُوعِ قَالَ " سَمِعَ عليه وسلم فَلَمَّا رَفَعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم رَأْسَهُ مِنَ الرُّكُوعِ قَالَ " سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ " . قَالَ رَجُلٌ وَرَاءَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم اللهُمَّ رَبَّنَا ولَكَ الْحَمْدُ حَمْدًا كَثِيرًا طَيّبًا مُبَارَكًا فِيهِ فَلَمَّا انْصَرَفَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ الْحَمْدُ حَمْدًا كَثِيرًا طَيّبًا مُبَارِكًا فِيهِ فَلَمَّا انْصَرَفَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قالَ " مَن المُتَكَلِّمُ بِهَا آنِفًا " . فَقَالَ الرَّجُلُ أَنَا يَا رَسُولَ اللهِ . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لَقَدْ رَأَيْتُ بِضْعَةً وَثَلَاثِينَ مَلَكًا يَبْتَدِرُونَهَا أَيُّهُمْ يَكْتُبُهَا أَوَّلَ " .

\_ صحیح : خ

#### বাংলা

৭৭০। রিফা'আহ ইবনু রাফি' আয-যুরাকী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, কোন একদিন আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর পিছনে সালাত আদায় করছিলাম। সে সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম রুকু' হতে মাথা উঠিয়ে সামিআল্লাহ্ লিমান হামিদাহ্ বললে এক ব্যক্তি বলে উঠেন- ''আল্লাহ্মা রব্বানা ওয়া লাকাল হামদ, হামদান কাসীরান ত্বাইয়্যিবান মুবারাকান ফীহ''। সালাত শেষে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, এই দু'আ পাঠকারী কে? লোকটি বলল, হে আল্লাহর রসূল! আমি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি দেখলাম, তিরিশেরও অধিক মালায়িকাহ্ (ফিরিশতা) তা সর্বাগ্রে লিপিবদ্ধ করার জন্য প্রতিযোগিতা করছে। [1]

সহীহ : বুখারী।



## **English**

#### Rifa'ah b. Rafi' said:

One day we were praying behind the Messenger of Allah (﴿). When the Messenger of Allah (﴿) raised his head after bowing, he said: Allah listened to him who praised Him. A man behind the Messenger of Allah (﴿) said: O Allah, Our Lord, and to Thee be praise, much praise, good and blessed. When the Messenger of Allah (﴿) finished his prayer, he asked: Which of you if the one who spoke (the words) just now. The man said: I (uttered) these words, Prophet of Allah. The Messenger of Allah(﴿) said: I saw more than thirty angels racing against one another to be the one to write them first.

# ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ কুনূত, হাঃ ৭৯৯), বায়হাকী (অধ্যায়ঃ সালাত, অনুঃ রুকু' থেকে মাথা উঠানোর সময় দু'আ ২/৯৫), ইবনু খুযাইমাহ (৬১৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ রিফা'আহ ইবনু রাফি' যুরাকী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন